# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ
## পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/অনার্স ১ম বর্ষ-ব্যব:/৩৯৩৫(অংশ-১)/৬১৭২ তারিখ ঃ ২৪/০৮/২০২৬খ্রি.

**বিষয়ঃ ব্যবহারিক পরীক্ষা সংক্রান্ত নির্দেশনা**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষে স্নাতক (সম্মান) প্রোগ্রামের সকল বিষয়ের শিক্ষার্থীদের জন্য Information and Communication Technology (ICT) বিষয়ে ব্যবহারিক পরীক্ষা সংক্রান্ত নির্দেশিকা পূর্বেই অবগত করা হয়েছিলো। স্নাতক (সম্মান) ১ম বর্ষের তত্ত্বীয় পরীক্ষা আগামী ২ (দুই) সপ্তাহের মধ্যে সমাপ্ত হবে। তত্ত্বীয় পরীক্ষা শেষে দ্রুত সময়ের মধ্যে ব্যবহারিক পরীক্ষা শুরু হবে। এমতাবস্থায় বিষয়টি স্পষ্টীকরণের নিমিত্তে ব্যবহারিক পরীক্ষার সার্বিক নির্দেশনা পুনরায় সকলের অবগতির জন্য প্রদান করা হলো।

**ব্যবহারিক পরীক্ষার মোট নম্বরঃ ২৫**

ব্যবহারিক পরীক্ষায় নিম্নোক্তভাবে নম্বর বন্টন ও মূল্যায়ন করতে হবে-

| উপাদান | নম্বর |
|---|---|
| ল্যাবরেটরি পরীক্ষা (২×৮) | ১৬ |
| রিপোর্ট বুক লেখা | ০৫ |
| মৌখিক পরীক্ষা (Viva Voce) | ০৪ |
| সর্বমোট | ২৫ |

**১. ল্যাবরেটরি পরীক্ষা (Experiment)-১৬ নম্বর**

- নির্ধারিত পরীক্ষণ তালিকা থেকে পরীক্ষক কর্তৃক দুটি পরীক্ষণ দৈবচয়ন পদ্ধতিতে(Randomly) নির্বাচন করা হবে।
- পরীক্ষার্থীদের কম্পিউটার ল্যাবে নির্ধারিত পরীক্ষণগুলো সম্পাদন করতে হবে।
- পরীক্ষার সময় পরীক্ষার্থীদের ল্যাবরেটরী উত্তরপত্রে সম্পাদিত পরীক্ষার কার্যপ্রণালী (Procedure) লিখতে হবে।
- পরীক্ষা সঠিকভাবে সম্পাদন, নির্ভুলতা, যথাযথ পদ্ধতি অনুসরণ এবং নির্ধারিত কাজ সম্পন্ন করার সক্ষমতার ভিত্তিতে নম্বর প্রদান করা হবে।

**২. রিপোর্ট বুক লেখা (Report Book Writing)-৫ নম্বর**

- শিক্ষার্থীদের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষার পূর্বেই সম্পন্ন করা পরীক্ষণগুলোর রিপোর্ট প্রস্তুত করতে হবে।
- পরীক্ষা প্রক্রিয়ার অংশ হিসেবে পরীক্ষক কর্তৃক শিক্ষার্থীদের জমাকৃত রিপোর্ট মূল্যায়ন করা হবে।

**৩. মৌখিক পরীক্ষা (Viva Voce)-৪ নম্বর**

- ল্যাবরেটরী পরীক্ষণ সম্পন্ন হওয়ার পর মৌখিক পরীক্ষা (Viva Voce) অনুষ্ঠিত হবে।
- মৌখিক পরীক্ষার শিক্ষার্থীদের সম্পাদিত পরীক্ষা, ব্যবহৃত ল্যাবরেটরী টুলস, কার্যপ্রণালি, সংশ্লিষ্ট ধারণা এবং বাস্তব প্রয়োগ সম্পর্কে প্রশ্ন করা হবে।
- শিক্ষার্থীদের পরীক্ষণ সম্পর্কিত তত্ত্বীয় জ্ঞান, সমস্যা সমাধানের সক্ষমতা এবং ব্যবহারিক প্রয়োগ মূল্যায়ন করা হবে।

২৪/৮/২৬
(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

অধ্যক্ষ
অনার্স অধিভূক্ত সকল কলেজ/ইনস্টিটিউট

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/অনার্স ১ম বর্ষ-ব্যব:/৩৯৩৫(অংশ-১)/৬১৭২ তারিখ ঃ ২৪/০৮/২০২৬ খ্রি.

**বিতরণ ঃ**

১। ডিন (সকল), জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৩। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর,জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৪। সচিব ও অতিরিক্ত রেজিস্ট্রার,ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৫। সহকারী-রেজিস্ট্রার, প্রো- ভাইস চ্যান্সেলর-১ এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৬। সহকারী-রেজিস্ট্রার, প্রো- ভাইস চ্যান্সেলর-২ এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৭। অফিস নথি।

২৪/৮/২০২৬
(মোঃ আব্দুস সামাদ)
অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ